দৈনিক বাংলা

তারিখ 28 DEC 1995
পৃষ্ঠা ৮ কলাম ৩

279

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৩ ও ৪ জানুয়ারীর সব পরীক্ষার তারিখ পরিবর্তন

স্টাফ রিপোর্টার ঃ হরতালের কারণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আগামী ৩ ও ৪ জানুয়ারী অনুষ্ঠেয় সকল পরীক্ষার তারিখ পরিবর্তন করা হয়েছে।

পরিবর্তিত সময়সূচী অনুযায়ী দর্শন সম্মান-এর ৪র্থ পত্রের পরীক্ষা আগামী

(৪-এর পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের

(প্রথম পৃষ্ঠার পর)

৯ জানুয়ারী মঙ্গলবার, এবং বিএসসি গার্হস্থ্য অর্থনীতির পূর্বঘোষিত ৩ জানুয়ারীর পরীক্ষাও আগামী ৯ জানুয়ারী মঙ্গলবার অনুষ্ঠিত হবে।

সনাতন পদ্ধতির শেষপর্ব (১৯৯২) মাস্টার্স ডিগ্রীর অর্থনীতি ৮ম পত্রের পরীক্ষা ৪ জানুয়ারীর পরিবর্তে ২০ জানুয়ারী শনিবার, দর্শন ১৪শ পত্রের পরীক্ষাও ৪ জানুয়ারীর পরিবর্তে ২০ জানুয়ারী অনুষ্ঠিত হবে। ভূগোল ৮ম পত্রের পরীক্ষা ২৭ জানুয়ারী এবং গণিত ৯ম পত্রের পরীক্ষা ১০ ফেব্রুয়ারী শনিবার অনুষ্ঠিত হবে।

১৯৯৩ সালে এলএলবি প্রিলিমিনারী পরীক্ষার চুক্তি আইন ও টর্ট ২য় পত্রের পরীক্ষা ৫ ফেব্রুয়ারী অনুষ্ঠিত হবে।

উক্ত পরীক্ষাসমূহের পূর্বঘোষিত সময়সূচীর অন্যান্য অংশ অপরিবর্তিত থাকবে। খবর প্রেস বিজ্ঞপ্তির।